**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ**

**এস,আর,ও নং ১৩৬-আইন/২০২২/৮৪/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে মানসম্পন্ন আবাসিক হোটেল নির্মাণে সহায়তা প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত Table এ উল্লিখিত আবশ্যকীয় ও মূলধনী প্রকৃতির যন্ত্রপাতি ও উপকরণ যাহা, ১ জুন, ২০২২ খ্রিস্টাব্দ মোতাবেক ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ তারিখের, মূলধনী যন্ত্রপাতি বিষয়ক রেয়াতী প্রজ্ঞাপন এস,আর,ও নং ১১৮-আইন/২০২২/৬৬/কাস্টমস এর বহির্ভুত, এর উপর আমদানি পর্যায়ে প্রদেয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১০% (শতকরা দশ ভাগ) এর অতিরিক্ত হয় সে পরিমাণ, রেগুলেটরী ডিউটি, প্রযোজ্য ক্ষেত্রে, সমুদয় মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক, যদি থাকে, নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

Table

| Heading | H.S Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| | | **Interior Decoration Material** |
| 48.14 | 4814.20.00 | Wall Covering |
| 44.18 | 4418.11.00 | Wooden windows & frames |
| | 4418.19.00 | |
| | 4418.21.00 | Wooden doors & frames |
| | 4418.29.00 | |
| | 4418.74.00 | Floor panels |
| | 4418.75.00 | Floor panels |
| 57.01 | All H.S Codes | Carpets |
| 63.03 | All H.S Codes | Curtains |
| 68.02 | 6802.21.00 | Marble |
| | 6802.23.00 | Granite |
| 69.07 | All H.S Codes | Unglazed tiles |
| 69.08 | All H.S Codes | Glazed tiles |
| 69.10 | All H.S Codes | Sanitary wares |
| | | **Kitchen & Cooking Equipment** |
| 39.24 | 3924.90.90 | Dunnage rack (Plastic) |

| Heading | H.S Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 69.11 | All H.S Codes | Ceramic kitchenware |
| 69.12 | All H.S Codes | Ceramic kitchenware |
| 70.05 | 7005.10.00 | Float glass reflecting/ nonreflecting |
| | 7005.21.00 | Coloured float glass |
| 70.13 | All H.S Codes | Glassware |
| 73.21 | 7321.11.00 | Cooking appliances |
| | 7321.12.00 | Plate warmer of liquid fuel |
| 73.23 | 7323.91.00 | Kitchen equipment |
| | 7323.92.00 | Kitchen equipment |
| | 7323.93.00 | Kitchen equipment |
| 73.24 | 7324.10.00 | Steel Sink |
| | | **Building Security Equipment** |
| 83.01 | 8301.40.90 | Locks |
| 84.14 | 8414.80.90 | Kitchen Hood exceeding 120 CFM |
| 85.17 | 8517.61.00 | Base station |
| 85.18 | 8518.29.00 | Sound Speaker |
| 85.23 | 8523.59.90 | RFID Encoder; RFID Key Covered with Hotel logo |
| 85.25 | 8525.81.10<br>8525.82.10<br>8525.83.10 | Webcam |
| | 8525.89.00 | CCTV Camera |
| 85.28 | 8528.72.00 | DVR Color/Television |
| | | **Fire Fighting & Protection Equipments** |
| 40.09 | 4009.32.00 | Hose pipe |
| 84.24 | 8424.10.00 | Fire extinguishers |
| | 8424.20.10 | Spray gun |
| | | **Electric Substation** |
| 85.04 | 8504.22.10 | Transformer : Capacity more than 3000 kva |
| 85.35 | 8535.21.90 | Automatic circuit breakers |
| | 8535.29.00 | Automatic circuit breakers |
| 85.36 | 8536.30.90 | Switchgear |
| 85.37 | 8537.10.10 | Busbar |
| 85.43 | 8543.70.40 | Electric Access Control |
| | | **Furnitures** |
| 44.20 | 4420.90.00 | Wooden Height box |
| 46.02 | 4602.90.00 | Height box |
| 94.01 | 9401.69.00 | Sofa |
| | 9401.69.00 | Chair |
| 94.03 | 9403.10.00 | Metal furniture for office |
| | 9403.30.00 | Wooden furniture for office |
| | 9403.40.00 | Wooden furniture for kichten |
| | 9403.50.00 | Wooden furniture for bedroom |

| Heading | H.S Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| | 9403.20.90 | Steel furniture |
| 94.04 | 9404.29.00 | Mattress |
| | | **Lighting** |
| 94.05 | 9405.11.00<br>9405.19.00 | Lights with fittings |
| | 9405.21.00<br>9405.29.00 | Bedside or floor standing lamp |
| | 9405.42.00 | LED tube or bulb with fittings |
| | 9405.49.20 | Energy saving lamps with fittings |
| 94.06 | 9406.90.90 | Pre fabricated building |
| | | **Equipments for Health Club** |
| 84.21 | 8421.21.91 | Water purifying system for swimming pools |
| 95.06 | 9506.40.00 | Table tennis equipment |
| | 9506.91.00 | Equipments for gymnastics |

**শর্তাবলি**

(১) এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতী সুবিধা কেবল Chain Hotel এর Franchise সম্পন্ন অথবা বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক ''মানসম্পন্ন'' বলিয়া নির্দিষ্টকৃত আবাসিক হোটেল নির্মাণে ব্যবহার্য, পণ্যসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবেঃ

তবে শর্ত থাকে যে, উপরের Table এ উল্লিখিত H.S. Code এবং Description of goods এর মধ্যে কোন পার্থক্য দেখা দিলে Description of goods প্রাধান্য পাইবে।

(২) আবেদনকারী আবাসিক হোটেলকে মূসক নিবন্ধিত হইতে হইবে।

(৩) এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতী সুবিধা প্রাপ্তির উদ্দেশ্যে সংশ্লিষ্ট হোটেল কর্তৃপক্ষকে নিম্নবর্ণিত দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে, যথাঃ-

(ক) আবাসিক হোটেলের মূসক নিবন্ধন সংক্রান্ত সনদসমূহের (মূসক-২.৩) অনুলিপি;

(খ) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিবন্ধন পত্রের অনুলিপি;

(গ) 'পরিশিষ্ট ক' তে বিধৃত ফরমে প্রত্যয়নপত্র:

তবে শর্ত থাকে যে, প্রস্তাবিত হোটেল আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Chain Hotel এর Franchise হইলে উক্তরূপ প্রত্যয়নপত্রের প্রয়োজন হইবে না;

(ঘ) প্রস্তাবিত হোটেল আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Chain Hotel এর Franchise হইলে তৎসংক্রান্ত চুক্তির কপি;

(ঙ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হোটেল নির্মাণ সংক্রান্ত lay-out plan এর কপি; এবং

(চ) প্রস্তাবিত হোটেল স্থাপনের জন্য উপরি-উক্ত টেবিলে উল্লিখিত পণ্যসমূহের মধ্যে কি কি পণ্য কি পরিমাণে আমদানি ও ব্যবহৃত হইবে উহার সুস্পষ্ট বর্ণনা, সংখ্যা এবং সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) উল্লেখপূর্বক উহার একটি পূর্ণাঙ্গ পণ্য তালিকা।

**ব্যাখ্যা।-** উপরি-উক্ত দফা (গ) এর উদ্দেশ্য পুরণকল্পে, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্টেকহোল্ডার ও বিশেষজ্ঞের সমন্বয়ে একটি যাচাই কমিটি গঠন করিবে। উক্ত কমিটি আন্তর্জাতিক রীতিনীতি অনুসরণপূর্বক ‘‘মানসম্পন্ন’’ হোটেলের যথাযথ মান (standard) নির্ধারণ করিবে। কমিটি কর্তৃক নির্ধারিত মানের ভিত্তিতে উক্ত মন্ত্রণালয় ‘পরিশিষ্ট-ক’ তে বিধৃত ফরমে প্রত্যয়নপত্র প্রস্তুত করিবে।

(৪) প্রতিটি আবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৫) আবেদনকারী প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হোটেল বাণিজ্যিকভাবে চালুর পূর্বে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত পরিমাণের পণ্য একবারই আমদানি করিতে পারিবে।

২। ৩ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ মোতাবেক ২০ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ৫০-আইন/২০১৪/২৪৭৬/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

পরিশিষ্ট-ক
[শর্ত ৩(গ) ও ৩(চ) এর ব্যাখ্যা দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ......................................... যা বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত নম্বর ....................... মূল্য সংযোজন কর বিভাগ কর্তৃক নিবন্ধিত নম্বর................. আয়কর নিবন্ধন নম্বর................, শহরের ............................. স্থানে আন্তর্জাতিক মানসম্পন্ন একটি আবাসিক হোটেল

স্থাপন/প্রতিষ্ঠান লক্ষ্যে কার্যক্রম শুরু করিয়াছে মর্মে ................... তারিখের আবেদনপত্রে জানিয়েছে। আন্তর্জাতিক মানদন্ডে উক্ত আবাসিক হোটেলের যে সব মান (standard) থাকিবে/থাকার কথা সেই বিষয়ে উক্ত আবেদন উল্লেখ করা হইয়াছে/হয় নাই। আবেদনে উল্লিখিত কথিত মান (standard) এর যথার্থতা এ মন্ত্রণালয়ের সচিব/অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব এর নেতৃত্বে গঠিত কমিটি কর্তৃক যাচাই/পরীক্ষা করা হইয়াছে। পরীক্ষান্তে কমিটি এতদসংশ্লিষ্ট মান (standard) যাচাই/নির্ধারণপূর্বক তদনুযায়ী আবেদনকারী প্রতিষ্ঠানকে মানসম্পন্ন আবাসিক হোটেল হিসেবে প্রতিষ্ঠার জন্য সুপারিশ করিয়াছে। উক্ত সুপারিশের সহিত একমত পোষণপূর্বক আবেদনকারী প্রতিষ্ঠানটিকে “মানসম্পন্ন” আবাসিক হোটেল হিসেবে প্রত্যয়ন করা হইল।

প্রত্যয়নকারী কর্তৃপক্ষ

স্বাক্ষরঃ

নামঃ

পদবীঃ

সীলঃ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**